

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ইউনিভার্সিটি ফিস্টুলা সেন্টারের ওয়েবসাইট উদ্বোধন ও গুরুত্বপূর্ণ সেমিনার অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-এর মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া আজ শনিবার, ১৪ জুলাই ২০১৮ইং তারিখ দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের ডা. মিল্টন হলে ইউনিভার্সিটি ফিস্টুলা সেন্টারের ওয়েবসাইট [www.ufcbsmmu.org](http://www.ufcbsmmu.org)-এর শুভ করেন। এর আগে সকাল ১০টায় একই স্থানে “সেফার সার্জারি ফর প্রিভেনশন অফ ফিমেল জেনিটাল ফিস্টুলা (Seminar on Safer Surgery for Prevention of Female Genital Fistula)” শীর্ষক একটি গুরুত্বপূর্ণ সেমিনার অনুষ্ঠিত হয়। গুরুত্বপূর্ণ ওই সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউএসএআইডি-এর ডেপুটি ডিরেক্টর ড. জোসেফ মনিহিন (Dr. Joseph Monihin)। সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার। সভাপতিত্ব করেন সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ। স্বাগত বক্তব্য রাখেন অবসটেক্টিকস এন্ড গাইনোকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. তুস্তি রাণী দাস। গুরুত্বপূর্ণ এই সেমিনারে যুক্তরাষ্ট্রের হার্ভার্ড ইউনিভার্সিটি থেকে অনলাইনে প্রজেক্টরের মাধ্যমে “সার্জিক্যাল এন্ড এ্যানেসথেশিয়া কেয়ার উইথ দ্যা কনটেক্সট অফ গ্লোবাল হেলথ” শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার ইমার্জেন্সি এন্ড ইনেশনশিয়াল সার্জিক্যাল কেয়ার প্রোগ্রাম-এর কনসালটেন্ট কী বি পার্ক, এমডি (Kee B Park, Md) এবং গ্লোবাল সার্জারি অবসটেক্টিকস এন্ড এ্যানেসথেশিয়া বিষয়ে গুরুত্বপূর্ণ প্রবন্ধ উপস্থাপন করেন ইউনিভার্সিটি অফ আলবার্টা-এর রেসিডেন্ট লিনা রোয়া (Lina Roa)। ধন্যবাদ জ্ঞাপন করেন ইউনিভার্সিটি ফিস্টুলা সেন্টারের প্রজেক্ট এডভাইসর অধ্যাপক ডা. সালেহা বেগম চৌধুরী। গুরুত্বপূর্ণ প্রবন্ধ উপস্থাপন করেন বিএসএমএমইউ-এর এ্যানেসথেশিয়া, এনালজেশিয়া এন্ড ইনটেনসিভ কেয়ার মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. দেবব্রত বনিক, অবসটেক্টিকস এন্ড গাইনোকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. শিউলী চৌধুরী, আন্তর্জাতিক সংস্থা এনজেডারহেলথ এর ফিস্টুলা কেয়ার প্লাস প্রকল্পের ডা. এস কে নাজমুল হুদা। ইউনিভার্সিটি ফিস্টুলা সেন্টারের বিষয়ে বিস্তারিত তুলে ধরেন সহযোগী অধ্যাপক ডা. শারমীন মাহমুদ। সেমিনার ও ওয়ার্কশপের উদ্দেশ্য তুলে ধরেন ইউএনএফপিএ-এর ডা. অনিমেশ বিশ্বাস। উল্লেখ্য, মহিলাজানিত ফিস্টুলা বাংলাদেশে একটি অন্যতম নারী স্বাস্থ্য সমস্যা। বাধাত্মক প্রসবের ফলে সময়মত পর্যাপ্ত চিকিৎসার অভাবে সাধারণত প্রসবজনিত ফিস্টুলা হয়ে থাকে। কোনো কোনো সময় সিজারিয়ান সেকশন অপারেশন, জরায়ু অপসারণের অপারেশন ও ল্যাপারোস্কপিক অপারেশনের পরেও ফিস্টুলা হতে পারে। কোনো কোনো প্রসাবের সময় যৌনপথ ছিঁড়ে গিয়ে পায়ুপথের সাথে মিশে যায়। এই সকল ক্ষেত্রে আক্রান্ত মহিলাদের সন্তান প্রসবের রাস্তা দিয়ে সব সময় প্রশ্রাব বা কখনো পায়খানা বারতে থাকে। এই সমস্ত সমস্যাগুলি মহিলাজানিত ফিস্টুলা কর্মসূচীর আওতায় চিকিৎসা, প্রতিকার প্রতিরোধ ও প্রশিক্ষণ ইত্যাদির জন্য কাজ করছে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইউনিভার্সিটি ফিস্টুলা সেন্টার। ফিস্টুলা আক্রান্ত রোগীরা সাধারণত খুবই অসহায় করুন জীবন যাপন করেন। বাংলাদেশে এখনো প্রায় ১৯৫০০ নারী ফিস্টুলা নিয়ে ভুগছেন। জাতিসংঘ ২০৩০ সালের মধ্যে বিশ্ব থেকে ফিস্টুলা নির্মূলের ঘোষণা দিয়েছে। বাংলাদেশ সরকার এ লক্ষ্য অর্জনে বন্ধপরিকর। সেই লক্ষ্য অর্জনে উন্নয়ন সহযোগী সংস্থা, পেশাজীবী সংগঠন, বেসরকারী সংস্থা, সংবাদ কর্মী, সুশীল সমাজ সবার সাথে একযোগে কাজ করছে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি ফিস্টুলা সেন্টার। বাংলাদেশ থেকে ২০৩০ সালের মধ্যে ফিস্টুলা মুক্ত করার কার্যক্রম চলছে। মহিলাজানিত ফিস্টুলা রোগীদের জন্য একান্তভাবে নিবেদিত একটি সেবা কেন্দ্র হচ্ছে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইউনিভার্সিটি ফিস্টুলা সেন্টার। এই কেন্দ্রে ফিস্টুলা আক্রান্ত রোগীরা খুব সহজে সরাসরি ভর্তি ও চিকিৎসার সুযোগ পান। এখানে ভর্তি, চিকিৎসা অপারেশন ঔষধ ইত্যাদি সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হয়। প্রসবজনিত ফিস্টুলা (ভিডিএফ ও আরডিএফ) অস্ত্রোপচারজনিত ফিস্টুলা (আয়োট্রোজেনিক ফিস্টুলা) ও প্রসবজনিত কারণে যৌনপথ ছিঁড়ে পায়ুপথের সাথে একাকার হয়ে যাওয়া (কমপ্লিট পেরিনিয়াল টিয়ার) রোগীরাও সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসার সুযোগ লাভ করেন। শুধু চিকিৎসার খরচ নয়, রোগী ও তার সঙ্গীর যাতায়াত খরচও কেন্দ্রের নিয়াম অনুযায়ী প্রদান করা হয়ে থাকে। ইউএসএআইডি এর অর্থায়নে, আন্তর্জাতিক সংস্থা এনজেডারহেলথ এর ফিস্টুলা কেয়ার প্লাস প্রকল্পের সহযোগিতায় ইউনিভার্সিটি ফিস্টুলা সেন্টার প্রতিষ্ঠিত। ঢাকার শাহবাগে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সি-ব্লকের ৮ম তলায় (লিফটের-৭) কেন্দ্রটি অবস্থিত। ইউনিভার্সিটি ফিস্টুলা সেন্টারের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ফিস্টুলা রোগীদের যে কোনো সহযোগিতায় সদা প্রস্তুত রয়েছেন।

